



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

ফোন:
৮১৮০১৪৪
ফ্যাক্স:
৮১৮৯০২৯

স্মারক নং-৪৭.৬২.০০.০০.৯৬১.০০.১৮.২০১২ - ২১৬২


তারিখঃ ২৮/০৯/২০১৪ খ্রিঃ

বিষয়ঃ প্রকল্পভূক্ত উপজেলা দপ্তরে সমিতি'র সদস্য পর্যায়ে সঞ্চয় ও কর্জের তথ্য সম্বলিত সহকারী খতিয়ান সরবরাহ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের আওতায় উপজেলা দপ্তর সমূহে সমিতি'র সদস্য পর্যায়ে সঞ্চয়/কর্জের তথ্য সম্বলিত সহকারী খতিয়ান অত্যাাবশ্যক। উক্ত সহকারী খতিয়ানের নমুনা এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো। সহকারী খতিয়ানের মোট পৃষ্ঠা সংখ্যা হবে ১৫০। বর্ণিত সহকারী খতিয়ানটি প্রকল্পের নামে আপনার প্রেসে ছাপানো হবে এবং আপনার প্রেসে ১৫০ পৃষ্ঠা সম্বলিত অন্যান্য খতিয়ানের ন্যায় এর মূল্য তালিকা নির্ধারিত হবে। সহকারী খতিয়ানটি আপনার প্রেসে ছাপানোর পর প্রকল্পভূক্ত ৫৯টি উপজেলার (যশোর ও খুলনা বিভাগের) প্রতিটিতে ৩০টি করে প্রেরণ করতে হবে এবং মূল্য প্রাপ্তির জন্য প্রতিটি উপজেলায় বিল প্রেরণ করতে হবে। সংশ্লিষ্ট উপজেলার উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা উক্ত বিল পাওয়ার পর ডিডি/টিটি'র মাধ্যমে বিল পরিশোধের ব্যবস্থা নিবেন।

কর্তৃপক্ষের সদয় সম্মতিক্রমে উক্ত অনুরোধ পত্র প্রেরিত হলো এবং অনুরোধ পত্র প্রাপ্তির পরবর্তী ২৫ দিনের মধ্যে প্রতি উপজেলায় সহকারী খতিয়ান প্রেরণের ব্যবস্থা নেওয়ার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

প্রাপক,
ম্যানেজার
তিনু প্রিন্টিং প্রেস,
২৭, কেএম দাসলেন,
টিকাটুলি, ঢাকা।



মোঃ আবুল কালাম
উপপ্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা
ফোন নং- ০২-৮১৮০১৪৩

স্মারক নং-৪৭.৬২.০০.০০.৯৬১.০০.১৮.২০১২ - ২১৬২

তারিখঃ ২৮/০৯/২০১৪ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):-

- ১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, (প্রকল্পভূক্ত ৫৯টি) উপজেলা। আপনাকে সঞ্চয় ও কর্জের তথ্য সম্বলিত ১৫০ পৃষ্ঠার সহকারী খতিয়ান বুঝে নিয়ে বিল ভাউচার পাওয়ার পর তিনু প্রিন্টিং প্রেস, ২৭, কে এম দাসলেন, টিকাটুলি ঢাকা কে ডিডি/টিটি'র মাধ্যমে বিল পরিশোধ করার জন্য অনুরোধ করা হলো। ৩০/০৬/২০১৪ তারিখের স্থিতি নিয়ে ১/৭/২০১৪ তারিখ থেকে সঞ্চয় ও কর্জের সহকারী খতিয়ান নিয়মিত লিখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য সহকারী খতিয়ান ক্রয়ের বিপরীতে স্টেশনারী খাতে অতিরিক্ত বরাদ্দ দেয়া হবে।
- ২। সহকারী পরিচাল (অর্থ ও হিসাব) ইরেসপো, বিআরডিবি, ঢাকা আপনাকে তিনু প্রিন্টিং প্রেস, ২৭, কে এম দাসলেন, টিকাটুলি ঢাকা'র সাথে যোগাযোগ করে সহকারী খতিয়ান উপজেলা দপ্তরে সরবরাহ নিশ্চিত কাজ মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো।
- ৩। উপ পরিচালক, বিআরডিবি, (প্রকল্পভূক্ত ১২ টি) জেলা দপ্তর। সদয় অবগতির জন্য।
- ৪। প্রকল্প পরিচালক (ইরেসপো), বিআরডিবি, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ৫। অফিস নথি/সংশ্লিষ্ট নথি।


মোঃ আবুল কালাম
উপ-প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং ০২-৮১৮০১৪৩